66

দৈনিক সংবাদ

তারিখ ...20 JAN 1994...
পৃষ্ঠা ৫ কলাম ৪...

স্থানীয় সরকার পরিষদ

# বান্দরবানে ২১টি বিদ্যালয় চালু হয়েছে

।। এনামুল হক কাশেমী ।।

বান্দরবান, ১৯শে জানুয়ারি।– বান্দরবান পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ জেলার প্রত্যন্ত অঞ্চলের গরিব উপজাতীয়-অউপজাতীয়দের মাধ্যমিক শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে ২১টি নিম্ন মাধ্যমিক বিদ্যালয় চালু করেছে। '৯২ সালে বিদ্যালয়গুলো চালু করা হয় এবং এতে ব্যয় হয় প্রায় ১৫ লাখ টাকা।

পরিষদ চেয়ারম্যান সাচিং প্রু জানান, ইতিমধ্যে ৩টি বিদ্যালয়ের স্বীকৃতি মিলেছে। অপর ১৮টি বিদ্যালয়ের স্বীকৃতি পাওয়ার ব্যাপারে প্রক্রিয়া চলছে। শিক্ষা ক্ষেত্রে অবহেলিত বান্দরবান জেলার অধিবাসীরা আর্থিকভাবে অসচ্ছলতার কারণে তাদের ছেলেমেয়েদেরকে প্রাথমিক শিক্ষা পর্যন্ত গ্রহণ করানোর পর অন্য কাজে নিয়োজিত করে।

'৮৯ সালে গঠিত বান্দরবান স্থানীয় সরকার পরিষদ এলাকাবাসীর দাবির প্রেক্ষিতে উক্ত বিদ্যালয়গুলো চালু করার উদ্যোগ নেয়। সরকারীভাবে তহবিল গঠন করার সুযোগ নিশ্চিত না হওয়ায় ঐ বিদ্যালয়গুলোতে সংকট দেখা দিয়েছে। নিয়োজিত শিক্ষকরা দীর্ঘদিন বেতন না পাওয়া সত্ত্বেও নিয়মিত ক্লাস চালিয়ে যাচ্ছে। এ প্রসঙ্গে পরিষদের শিক্ষা উপ-কমিটির আহ্বায়ক অধ্যাপক মোঃ ওসমান গনি জানান, পরিষদ নিজস্ব তহবিল থেকে উক্ত নিম্ন মাধ্যমিক বিদ্যালয়গুলো প্রতিষ্ঠা করেছে। এলাকার মানুষ গরিব, তাই তাদের পক্ষেও আর্থিক সহায়তা দেয়া সম্ভব হচ্ছে না। এমতাবস্থায় বিদ্যালয়-গুলোর ২ সহস্রাধিক ছাত্র-ছাত্রীর ভবিষ্যৎ নিশ্চিত করার লক্ষ্যে সরকারী আর্থিক মঞ্জুরি অপরিহার্য হয়ে পড়েছে।